

## B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-9

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো :

২×১০=২০

- (ক) কোন গ্রামে বসবাস করতেন 'চন্দ্রশেখর' উপন্যাসের নাম চরিত্রটি? এই উপন্যাস কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?
- (খ) যে পাঁচটি গ্রামের বিষয় নিয়ে 'গণদেবতা' উপন্যাসটি গড়ে তোলা হয়েছে, তাদের নাম কী কী? উপন্যাসে কোন গ্রামটি প্রাধান্য পেয়েছে?
- (গ) 'চন্দ্রশেখর' উপন্যাসে কোন নবাবের কথা আছে? তিনি কোথায় বসবাস করতেন?
- (ঘ) "কি কালযুদ্ধই না ইংরেজরা করিল?" কাদের সঙ্গে ইংরেজদের কোন যুদ্ধের কথা 'গণদেবতা' উপন্যাসে বলা হয়েছে?
- (ঙ) লরেন্স ফস্টরের প্রথম প্রণয়িনীর নাম কী? লরেন্স কেন ভারতে এসেছিলেন?
- (চ) 'গণদেবতা' উপন্যাসের বর্ণনা অনুযায়ী গ্রামের চণ্ডীমণ্ডপে অনুষ্ঠিত হত এমন দুটি পার্বণের নাম লেখো।
- (ছ) "যে সকল ইংরেজ বাঙ্গালায় বাস করতেন তাঁহারা দুইটি মাত্র কার্যে অক্ষম ছিলেন।"— কোন দুটি কাজের কথা উপন্যাসিক বলেছেন?
- (জ) দেবুকে গ্রেপ্তার করা হয়েছিল কোন অপরাধে? কোন মাসে সে জেল থেকে ছাড়া পায়?
- (ঝ) "পুরুষ মানুষের চক্ষু কেবল মাথার শোভার্থ—তাহাতে দেখিতে পায় না।"— কে, কেন একথা বলেছে?
- (ঞ) 'গণদেবতা' কত খ্রিস্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (ট) শৈবলিনীর অপহরণের কথা শুনে চন্দ্রশেখর কী করেছিলেন?
- (ঠ) দেবু কতদূর লেখাপড়া করেছিলেন? তাঁর পেশা বা উপার্জনের পথ কী ছিল?
- (ড) "প্রতাপ রায় সাক্ষাৎ শয়তান— এ দেশীয় লোক তাহাকে ধরিতে পারিবেন না।"— কার উক্তি? তার বাড়ি কোথায়?
- (ঢ) "লোকটা ঐ জে. এল. ব্যানার্জীর শিষ্য।"— কে একথা বলেছে? কোন লোকটার কথা বলা হয়েছে?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

৫×৪=২০

- (ক) “শৈবলিনীকে দেখিয়া সংযমীর ব্রতভঙ্গ হইল।” কোন সংযমীর কোন ব্রতভঙ্গ হয়েছিল? কীভাবে ব্রতভঙ্গ হয়েছিল সংক্ষেপে লেখো।
- (খ) সুন্দরী কে? তার সঙ্গে প্রতাপের সম্পর্ক কী? উপন্যাসে সুন্দরীর চরিত্রটি কীভাবে উপস্থাপিত হয়েছে তা সংক্ষেপে লেখো।
- (গ) “এই সময় বাঙ্গালার যে সকল রাজপুরুষ নিযুক্ত ছিলেন তন্মধ্যে গুরগণ খাঁ একজন সর্বশ্রেষ্ঠ এবং সর্বোৎকৃষ্ট।”— গুরগণ খাঁ চরিত্রটির উপযোগিতা আলোচনা করো।
- (ঘ) “গল্পটি দেবুর বড় ভালো লাগিল। বিলুকে আজ গল্পটি বলিতে হইবে।”— কোন গল্পের কথা বলা হয়েছে? ঐ গল্পটি দেবুর ভালো লাগার কারণ লেখো।
- (ঙ) “এদিকে যুদ্ধ লাগিয়া সব যেন উল্টাইয়া গেল।” কোন যুদ্ধ গ্রাম বাংলার জীবনে কোন ধরনের প্রভাব ফেলেছিল ‘গণদেবতা’ উপন্যাসে অবলম্বনে সংক্ষেপে লেখো।
- (চ) জগন ডাক্তার চরিত্রটির উপন্যাসগত উপযোগিতা সংক্ষেপে লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।

১০×২=২০

- (ক) শৈবলিনীর প্রায়শ্চিত্ত বর্ণনার শিল্পমূল্য আলোচনা করো।

অথবা

‘চন্দ্রশেখর’ উপন্যাসে পারিবারিক জীবনের সঙ্গে বৃহত্তর রাজনৈতিক জীবনের মিলন কীভাবে সাধিত হয়েছে আলোচনা করো।

- (খ) ‘গণদেবতা’ উপন্যাসের সর্বাপেক্ষা উজ্জ্বল চরিত্র দুর্গা। সে স্বৈরিণী না বিপ্লবী— উপন্যাসে অবলম্বনে আলোচনা করো।

অথবা

দেবনাথ পণ্ডিতের চরিত্রটি কতটা শিল্পসার্থকতা লাভ করেছে আলোচনা করো।